daily observer
We stand for people's rights

Cycle rally in Cox's Bazar to create awareness on child marriage

Our Correspondent

Published :Tuesday, 10 November, 2015, Time : 7:29 PM

Cox's Bazar : A bicycle road march began in the district on Tuesday with a view to create mass awareness on child marriage and rights of reproductive health of the country's young generation.

Some 250 cyclists including 45 main cyclists from nine countries started the rally from Hotel Sea Palace at Kalatali point in the morning with a slogan –No more child motherhood. It will end in Panchagarh district.

Cox's Bazar DC M Ali Hossain inaugurated the rally, organised by the Family Planning Association Bangladesh (FPAB) in association with IPPF. The main objectives of the rally is to achieve the Sustainable Development Goals (SDGs), fixed by the UN during the period 2016 -2030.

After ending in Panchagarh district, the rally will also carry out its campaign in India, Nepal, Bhutan, Sri Lanka, the Maldives, Pakistan, Afghanistan and Iran.

Hundreds of participants on their way will distribute leaflets, containing messages against the bad impact of child marriage, at different schools, colleges, business establishments and important points.

FI/LY

প্রথম আলো বাংলাদেশ

কক্সবাজার থেকে শুরু হচ্ছে আজ

প্রজনন স্বাস্থ্য সচেতনতায় সাইকেল নিয়ে প্রচারণা

নিজস্ব প্রতিবেদক, কক্সবাজার | আপডেট: ০২:০২, নভেম্বর ১০, ২০১৫ | প্রিন্ট সংস্করণ

প্রজনন স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বাড়াতে আজ মঙ্গলবার কক্সবাজার সৈকত থেকে শুরু হচ্ছে আন্তর্জাতিক বাইসাইকেল রোডমার্চ 'কক্সবাজার টু ইরান'। বেসরকারি উন্নয়ন সংস্থা বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) এ কর্মসূচির আয়োজন করছে।

গতকাল সোমবার সন্ধ্যায় সৈকত তীরের সি-প্যালেস হোটেলের সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এফপিএবির মহাসচিব নাসির আহমেদ এ কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন। আজ সকাল নয়টায় সমুদ্রসৈকত থেকে ৩৫০ জন তরুণ সাইকেল নিয়ে কক্সবাজার শহরের বিভিন্ন সড়ক ঘুরে বাল্যবিবাহ এবং শিশু মাতৃত্ব বন্ধে প্রচারণা চলাবেন। 'কোনো শিশুকে মা হিসেবে দেখতে চাই না' এবং 'একটা শিশুকে আরেকটা শিশুর মা হিসেবে দেখা লজ্জার ব্যাপার'—এ দুটি বিষয়ে স্থানীয় লোকজনকে তাঁরা সচেতন করবেন।

আয়োজকেরা জানান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র নিয়াজ মোর্শেদের নেতৃত্বে পাঁচজনের একটি দল আজ বেলা ১১টায় কক্সবাজার থেকে সাইকেল চালিয়ে চট্টগ্রামের উদ্দেশে রওনা দেবেন। অন্য চারজন হলেন সানজিত আনোয়ার, নাজমুল আলম, জাহেদুল হক ও মাহমুদ হাসান। তাঁরা কক্সবাজার-চট্টগ্রাম মহাসড়কের রামু, ঈদগাঁও, চকরিয়া, সাতকানিয়া, আমিরাবাদ, লোহাগড়া, পটিয়ায় একাধিক পথসভা করবেন।

নাসির আহমেদ বলেন, পাঁচজনের দলটি বাংলাবান্দা সীমান্ত দিয়ে ভারত যাবে। সেখান থেকে নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, মালদ্বীপ, পাকিস্তান, আফগানিস্তান ও ইরানে বাইসাইকেল প্রচারণা অভিযান চলবে। সংবাদ সম্মেলনে নাট্য পরিচালক মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন চুমকিসহ এফপিএবির নির্বাহী পরিচালক এ এফ এম মতিউর রহমান, ফিরোজ আলম আজাদ, মাহবুবুল করিম, মোহাম্মদ ইকবাল উপস্থিত ছিলেন।

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত
প্রথম আলো ১৯৯৮ - ২০১৫

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্সঃ ৯১৩০৪৯৬, ই-মেইলঃ info@prothom-alo.info

এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি

Print Now

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

বুধবার, ১১ নভেম্বর ২০১৫

শিশু মাতৃত্ব আর নয়

তর“ণ-তর“ণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্’্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষ্যেওশিশু মাতৃত্ব আর নয়ম্ব এ স্লোগানে কক্সবাজার থেকে শুর“ হয়েছেওবাইসাইকেল রোডমার্চ্ব প্রচারণা অভিযান। মঙ্গলবার সকাল ১০টায় বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির (এফপিএবি) উদ্যোগে আইপিপিএফের সহযোগিতায় কক্সবাজার শহরের কলাতলীর হোটেল-মোটেল জোনের হোটেল সি প্যালেস থেকে আড়াইশ্ব সাইক্লিস্ট ও ২শ্ব অতিথি এ র‌্যালির উদ্বোধনীতে অংশগ্রহণ করেন। জাতিসংঘে গৃহীত সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলের (এসডিজি) অর্জন এবং তর“ণ-তর“ণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্’্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির (এফপিএবি) উদ্যোগে কক্সবাজার থেকে পঞ্চগড় পর্যন্- এ রোডমার্চটির আয়োজন করে। পঞ্চগড় পর্যন্- রোডমার্চ শেষে বাইসাইকেল র‌্যালিটি প্রচারণায় যাবে প্রতিবেশী দেশ ভারত, নেপাল, ভুটান, শ্রীলংকা, মালদ্বীপ, পাকিস্-ান, আফগানিস্-ান ও ইরানে। প্রত্যেক দেশের ৫ জন করে ৪৫ জন মুখ্য সাইক্লিস্টসহ রোডমার্চটির যাত্রাপথে হাজার হাজার উৎসাহী তর“ণ-তর“ণী প্রচারণায় অংশগ্রহণ করবে। ড়

প্রচারণায় অংশগ্রহণকারীরা যাত্রাপথে স্কুল-কলেজ, সামাজিক প্রতিষ্ঠানসহ যে কোনো জনগুর“ত্বপূর্ণ স’ানে প্রচারপত্র বিতরণ ও প্রচারণার মাধ্যমে বাল্যবিয়ের অপকারিতা ও বাল্যবিয়ে বন্ধের জন্য প্রচারণা চালানো হবে। বাইসাইকেল রোডমার্চটির উদ্বোধন করেন কক্সবাজারের জেলা প্রশাসক মো. আলী হোসেন। এফপিএবির নির্বাহী পরিচালক এএফএম মতিউর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্’িত ছিলেন এফপিএবির মহাসচিব নাসির আহমেদ বাবুল, নাট্য পরিচালক মাসুম রেজা ও অভিনেত্রী নাজনীন চুমকি।

দৈনিক DAINIK COX'S BAZAR
কক্সবাজার
কক্সবাজার জেলার সর্ব প্রথম দৈনিক

শিশু বিবাহ ও মাতৃমৃত্যু বন্ধে সাইকেল প্রচার অভিযান শুরু

নভেম্বর 11, 2015 | Filed under: কক্সবাজার | Posted by: দৈনিক কক্সবাজার

কক্সবাজার রিপোর্ট :

শিক্ষক-শিক্ষার্থী, বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের কর্মকর্তা ও সদস্য, সংবাদিকসহ প্রায় তিন শতাধিক মানুষের কন্ঠে একই ধ্বণি "শিশু বিবাহ না"। এই শ্লোগানে মুখরিত হচ্ছিল কক্সবাজারের কলাতলীস্থ সী প্যালেস এলাকা। গতকাল থেকে শুরু হয়েছে বাল্য বিবাহ ও মাতৃমৃত্যু রোধে বাইসাইকেল প্রচারনা অভিযান। সারা দেশে অনুষ্ঠিত হবে এ প্রচার অভিযান। ছড়িয়ে পরবে দেশ ছাড়িয়ে বিদেশে।
গতকা সকাল দশটায় এফপিএবির উদ্যোগে হোটেল সী প্যালেস থেকে বাল্য বিবাহ ও মাতৃমৃত্যু বন্ধের প্রচার আভিযার চালাতে এক সাইকেল র‌্যালীর আয়োজন করা হয়। এতে ২ শতাধিক সাইকেলিষ্ট এবং দেড় শতাধিক শিক্ষক-শিক্ষার্থী ও বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহন করেন। কক্সবাজার থেকে শুরু করে এ বাইসাইকেল প্রচারনা ,চলবে সারা দেশ ব্যাপী এবং দেশে প্রচারনা শেষ করে নেপাল,ভূটান, শ্রীলংকা, মালদ্বীপ, ভারত, পাকিস্তান, আফগানিস্তান ও ইরানেও প্রচারনার জন্য যাওয়া হবে। এবং প্রত্যেক দেশের ৫ জন করে মোট ৪৫ জন মূখ্য সাইক্লিস্টসহ হাজার হাজার উৎসাহি তরুন বাইসাইকেল প্রচারনায় সংযুক্ত হবে।" এফপিএবির মহাসচিব নাসির আহমেদ বাবুল বলেন " কক্সবাজার থেকে সাইকেল র‌্যালীর মাধ্যমে পথে যে যে স্কুল কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠান পরবে সেখানে সেখানে লিফলেট ও বিভিন্ন প্রচারনার মাধ্যমে বাল্য বিবাহের অপকারিতা ও বাল্য বিবাহ বন্ধের প্রচারনা চালানো হবে। সকলের মধ্যে সচেতনতা সৃষ্টি করার চেষ্টা করা হবে।"
এ বাইসাইকেল প্রচারনার উদ্বোধন করেন জেল প্রসাশক মোঃ আবুল হোসেন , উপস্থিত ছিলেন সিভিল র্সাজন ডাক্তার কমর উদ্দিন, এফপিএবির মহাসচিব নাসির আহমেদ বাবুল, র্নিবাহী পরিচালক এ এফ এম মতিউর রহমান, এডভোকেট ফিরোজ আলম আজাদ, নাট্য পরিচালক মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন হাসান চুমকীসহ প্রমুখ।

Jagonews24.com

বাল্যবিবাহ বন্ধে সাইকেল শোভাযাত্রা

কক্সবাজার প্রতিনিধি | আপডেট: ০৪:১২ এএম, ১১ নভেম্বর ২০১৫, বুধবার

তরুণ-তরুণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে 'শিশু মাতৃত্ব আর নয়' এ শ্লোগানে কক্সবাজার থেকে শুরু হয়েছে 'বাই-সাইকেল রোড মার্চ' প্রচার অভিযান। প্রচারণায় অংশগ্রহণকারীরা যাত্রাপথে স্কুল-কলেজ ও সামাজিক প্রতিষ্ঠানসহ যেকোনো জনগুরুত্বপূর্ণ স্থানে প্রচারপত্র বিতরণ ও প্রচারণার মাধ্যমে বাল্যবিবাহের অপকারিতা ও বাল্যবিবাহ বন্ধের জন্য প্রচার চালাবেন।

পঞ্চগড় পর্যন্ত রোড মার্চ শেষে বাই-সাইকেল র‍্যালিটি প্রতিবেশী দেশ ভারত, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, মালদ্বীপ, পাকিস্তান, আফগানিস্তান ও ইরান যাবে। প্রত্যেক দেশের পাঁচজন করে ৪৫ জন মুখ্য সাইক্লিস্টসহ রোড মার্চটির যাত্রা পথে হাজার-হাজার উৎসাহী তরুণ-তরুণী প্রচারণায় অংশগ্রহণ করবে।

জাতিসংঘ ঘোষিত ২০১৬ থেকে ২০৩০ সাল নাগাদ সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) এর লক্ষ্যসমূহ অর্জন এবং তরুণ-তরুণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির (এফপিএবি) উদ্যোগে কক্সবাজার থেকে পঞ্চগড় পর্যন্ত এ রোড মার্চটির আয়োজন করে।

মঙ্গলবার সকালে এফপিএবির উদ্যোগে আইপিপিএফের সহযোগিতায় কক্সবাজার শহরের কলাতলীর হোটেল-মোটেল জোনের হোটেল সি প্যালেস থেকে আড়াইশ জন সাইকেলিস্ট ও দু'শ অতিথি এ সাইকেল র‍্যালির উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

বাই-সাইকেল রোড মার্চটির উদ্বোধন করেন কক্সবাজারের জেলা প্রশাসক মো. আলী হোসেন। এফপিএবির নির্বাহী পরিচালক এএফএম মতিউর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এফপিএবির মহাসচিব নাসির আহমেদ বাবুল, নাট্যকার মাসুম রেজা ও অভিনেত্রী নাজনীন চুমকি।

coxsbazar LIVE .com
আজ বুধবার, ১১ নভেম্বর ২০১৫, ২৭ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ

তরুন বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতায়

কক্সবাজার থেকে এফপিএবি’র বাই সাইকেল রোডমার্চ উদ্বোধন

বিভাগঃ কক্সবাজার, শীর্ষ খবর | প্রকাশিত হয়েছে: নভেম্বর ১০, ২০১৫ ০৬:১১ অপরাহ্ন |

এফপিএবি’র উদ্যোগে তরুণ বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতা অধিকার সংরক্ষণ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশু মাতৃত্ব রোধে এক ইয়ুথ ক্যাম্পেইন ও বাই সাইকেল রোডমার্চ কক্সবাজার থেকে আরম্ভ হয়েছে। দেশব্যাপী যুব কিশোর ও তরুণদের প্রজনন স্বাস্থ্য অধিকারের উপরোক্ত স্লোগান নিয়ে আজ সমুদ্র সৈকত তীরের হোটেল সী-প্যালেস প্রাঙ্গণে আয়োজিত কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কক্সবাজার মোঃ আলী হোসেন। এফপিএবি কক্সবাজার শাখার সভাপতি শামশুন নাহার বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির মধ্যে বক্তব্য রাখেন সংস্থার মহাসচিব নাছির আহমদ বাবুল, নির্বাহী পরিচালক ড. এ.এফ.এম মতিউর রহমান, কক্সাজার সিভিল সার্জন ডাঃ মোঃ কমর উদ্দিন, উপ-পরিচালক পরিবার পরিকল্পনা ডাঃ দীপক তালুকদার, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন চুমকি। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আহসানুল হক, জাতীয় সাইকেল ফেডারেশনের নিয়াজ মুরশেদ, এফপিএবি‘র কক্সবাজার শাখার সম্পাদক সাইফুল হক, সিভিল সোসাইটির সভাপতি আবু মোর্শেদ চৌধুরী, সদর উপজেলার স্বাস্থ্য ও পঃ পঃ কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ রঞ্জন বড়–য়া প্রমূখ।

জেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের এবং তারার মেলার প্রায় ৪ শতাধিক তরুণ, কিশোর ও যুব বয়সীদের বর্নাঢ্য বাই সাইকেল রোডমার্চ হোটেল সী-প্যালেস থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। জাতীয় সাইকেল ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ উক্ত কর্মসূচীর বার্তা বহন করে চট্টগ্রামের উদ্দেশ্যে কক্সবাজার ত্যাগ করেন। পথিমধ্যে রামু ডিগ্রী কলেজে শিক্ষক মন্ডলী ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেন।

24/7 Online news
Parbattanews.com
The first national news media on Chittagong hill tracts and Coxbazar region of Bangladesh

‘শিশু মাতৃত্ব আর নয়’ শ্লোগানে কক্সবাজার থেকে পঞ্চগড় বাই-সাইকেল রোড মার্চ শুরু

প্রকাশ সময় November 10, 2015, 5:10 PM

কক্সবাজার প্রতিনিধি :

‘শিশু মাতৃত্ব আর নয়’ এই শ্লোগান নিয়ে কক্সবাজার থেকে পঞ্চগড় পর্যন্ত শুরু হয়েছে ‘বাই-সাইকেল রোড মার্চ’ প্রচারণা অভিযান। তরুণ-তরুণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষে এ রোড মার্চ করা হচ্ছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় কক্সবাজার শহরের কলাতলীর হোটেল-মোটেল জোনের হোটেল সী প্যালেস থেকে আড়াই-শত জন সাইকেলিস্ট ও দু’শত অতিথি এ সাইকেল র‍্যালীর উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন। বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) এর উদ্যোগে আইপিপিএফ এর সহযোগিতায় এই র‍্যালী করা হচ্ছে।

২০১৬ সাল থেকে ২০৩০ সাল নাগাদ সাস-টেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) এর লক্ষ্য সমূহ অর্জন এবং তরুণ-তরুণী, নারীর যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকারকে সাধারণ মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলার লক্ষে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) এর উদ্যোগে কক্সবাজার থেকে পঞ্চগড় পর্যন্ত এ রোড মার্চটির আয়োজন করে ।

জানা যায়, পঞ্চগড় পর্যন্ত রোড মার্চ শেষে বাই-সাইকেল র‍্যালীটি প্রচারণায় যাবে প্রতিবেশী দেশ ভারত, নেপাল, ভূটান, মালদ্বীপ, পাকিস্তান, শ্রীলংকা, আফগানিস্তান ও ইরানে। প্রত্যেক দেশের ৫ জন করে ৪৫ জন মূখ্য সাইক্লিস্টসহ রোড মার্চটির যাত্রা পথে হাজার-হাজার উৎসাহী তরুণ-তরুণী প্রচারণায় অংশ গ্রহণ করবে। প্রচারণায় অংশগ্রহণকারীরা স্কুল-কলেজ ও সামাজিক প্রতিষ্ঠানসহ যে কোন জনগুরুত্বপূর্ণ স্থানে প্রচারপত্র বিতরণ ও প্রচারণার মাধ্যমে বাল্য বিবাহের অপকারিতা ও বাল্য বিবাহ বন্ধের জন্য প্রচারণা চালাবে।

এই বাই-সাইকেল রোড মার্চটির উদ্বোধন করেন কক্সবাজারের জেলা প্রশাসক মো. আলী হোসেন। এফপিএবি এর নির্বাহী পরিচালক এ এফ এম মতিউর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নাট্য পরিচালক মাসুম রেজা, অভিনেত্রী নাজনীন চুমকি ও এফপিএবি’র মহাসচিব নাসির আহমেদ বাবুল।

সত্য সন্ধানে প্রতিদিন
বাংলাদেশ সময়
The Daily BANGLADESH SHOMOY

২১:৩১:২৮ নভেম্বর ১০, ২০১৫ - বিভাগ: চট্টগ্রাম

৯ দেশ ঘুরবে ৪৫ সাইক্লিস্ট

কক্সবাজার প্রতিনিধি

‘শিশুকে মা হতে দেওয়া যায় না, এক শিশুর মা অন্য এক শিশু হবে তা মেনে নেওয়া যায় না, শিশুর গর্ভে শিশু ধারণ করুক তা চাই না, চাই না শিশুর বিয়ে’এমন স্লোগান নিয়ে বাংলাদেশ থেকে ইরান পর্যন্ত ৯টি দেশ ভ্রমণ করবে ৪৫ জন মুখ্য সাইক্লিস্ট। এফপিএবি’র উদ্যোগে তরুণ বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতা অধিকার সংরক্ষণ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশু মাতৃত্ব রোধে এক ইয়ুথ ক্যাম্পেইন ও বাই সাইকেল রোডমার্চ গতকাল মঙ্গলবার সকাল ১০টায় কক্সবাজার থেকে শুরু হয়েছে। দেশব্যাপী যুব কিশোর ও তরুণদের প্রজনন স্বাস্থ্য অধিকারের উপরোক্ত স্লোগান নিয়ে আজ সমুদ্র সৈকত তীরের হোটেল সী-প্যালেস প্রাঙ্গণে আয়োজিত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কক্সবাজার মো. আলী হোসেন। এফপিএবি কক্সবাজার শাখার সভাপতি শামশুন নাহার বেগম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির মধ্যে বক্তব্য রাখেন- সংস্থার মহাসচিব নাছির আহমদ বাবুল, নির্বাহী পরিচালক ড. এ.এফ.এম মতিউর রহমান, কক্সাজার সিভিল সার্জন ডা. মো. কমর উদ্দিন, উপ-পরিচালক পরিবার পরিকল্পনা ডা. দীপক তালুকদার, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন চুমকি। এর আগে সোমবার বিকালে প্রেস ব্রিফিং-এ বলা হয়, যার গর্ভধারণের সক্ষমতা বা শরীর তৈরি হয়নি সেই শিশুকে বিয়ে দেওয়া হয়। আর বিয়ের পরপর এই শিশুকে গর্ভে ধারণ করতে হয় আরেক শিশুকে। এক্ষেত্রে বাংলাদেশ এগিয়ে। যা দেশের জন্য লজ্জাজনক। এর থেকে উত্তোরণ পেতে হলে প্রয়োজন গণসচেতনতা সৃষ্টি। গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি এফপিএবি এ বাই সাইকেল রোড মার্চের আয়োজন করেছে। কক্সবাজার, চট্টগ্রাম, নোয়াখালী, কুমিল্া ঢাকা হয়ে বিভিন্ন জেলায় সচেতনতা সৃষ্টির মাধ্যমে পঞ্চগড় জেলায় বাংলাদেশের ৫ জন মুখ্য সাইক্লিস্টের যাত্রা সম্পন্ন হবে। এভাবে নেপাল, ভুটান, শ্রীলংকা, মালদ্বীপ, ভারত, পাকিস্তান, আফগানিস্তান ও ইরানের ৫ জন করে আরও ৪০ জন মুখ্য সাইক্লিস্ট নিজ নিজ দেশে রোড মার্চ করবে। কক্সবাজার থেকে শুরু হয়ে ১৭৭০০ কিলোমিটার পাড়ি দিয়ে এ রোড মার্চ শেষ হবে ইরানের তেহরানে। এদিকে এফপিএবি’র উদ্যোগে ইয়ুথ ক্যাম্পেইন ও বাই সাইকেল রোডমার্চ গতকাল মঙ্গলবার জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের এবং তারার মেলার প্রায় ৪ শতাধিক তরুণ, কিশোর ও যুব বয়সীদের বর্ণাঢ্য বাই সাইকেল রোডমার্চ হোটেল সী-প্যালেস থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। জাতীয় সাইকেল ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ উক্ত কর্মসূচির বার্তা বহন করে চট্টগ্রামের উদ্দেশে কক্সবাজার ত্যাগ করেন। পথিমধ্যে রামু ডিগ্রি কলেজে শিক্ষক মণ্ডলি ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেনে।

সংবাদ বিডি
sangbadbd24.com

এফপিএবি'র বাই সাইকেল রোডমার্চ উদ্ভোধন

Posted In: খেলাধূলা | Posted on: নভে ১০, ২০১৫ | No Comment

সংবাদ বিডি প্রতিবেদক: এফপিএবি'র উদ্যোগে তরুণ বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতা অধিকার সংরক্ষণ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশু মাতৃত্ব রোধে এক ইয়ুথ ক্যাম্পেইন ও বাই সাইকেল রোডমার্চ কক্সবাজার থেকে আরম্ভ হয়েছে।

দেশব্যাপী যুব কিশোর ও তরুণদের প্রজনন স্বাস্থ্য অধিকারের উপরোক্ত স্লোগান নিয়ে আজ সমুদ্র সৈকত তীরের হোটেল সী-প্যালেস প্রাঙ্গণে আয়োজিত কর্মসূচীর উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কক্সবাজার মোঃ আলী হোসেন।

জেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের এবং তারার মেলার প্রায় ৪ শতাধিক তরুণ, কিশোর ও যুব বয়সীদের বর্নাঢ্য বাই সাইকেল রোডমার্চ হোটেল সী-প্যালেস থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। জাতীয় সাইকেল ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ উক্ত কর্মসূচীর বার্তা বহন করে চট্টগ্রামের উদ্দেশ্যে কক্সবাজার ত্যাগ করেন। পথিমধ্যে রামু ডিগ্রী কলেজে শিক্ষক মন্ডলী ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেন।
এফপিএবি কক্সবাজার শাখার সভাপতি শামশুন নাহার বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্ভোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির মধ্যে বক্তব্য রাখেন সংস্থার মহাসচিব নাছির আহমদ বাবুল, নির্বাহী পরিচালক ড. এ.এফ.এম মতিউর রহমান, কক্সাজার সিভিল সার্জন ডাঃ মোঃ কমর উদ্দিন, উপ-পরিচালক পরিবার পরিকল্পনা ডাঃ দীপক তালুকদার, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন চুমকি। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আহসানুল হক, জাতীয় সাইকেল ফেডারেশনের নিয়াজ মুরশেদ, এফপিএবি'র কক্সবাজার শাখার সম্পাদক সাইফুল হক, সিভিল সোসাইটির সভাপতি আবু মোর্শেদ

চৌধুরী, সদর উপজেলার স্বাস্থ্য ও পঃ পঃ কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ রঞ্জন বড়–য়া প্রমূখ।

কক্সবাজার থেকে এফপিএবি’র বাই সাইকেল রোডমার্চ উদ্ভোধন

তরুন বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতায়

মোঃ ইকবাল::

এফপিএবি’র উদ্যোগে তরুণ বয়সীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য সচেতনতা অধিকার সংরক্ষণ, বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশু মাতৃত্ব রোধে এক ইয়ুথ ক্যাম্পেইন ও বাই সাইকেল রোডমার্চ কক্সবাজার থেকে আরম্ভ হয়েছে। দেশব্যাপী যুব কিশোর ও তরুণদের প্রজনন স্বাস্থ্য অধিকারের উপরোক্ত স্লোগান নিয়ে আজ সমুদ্র সৈকত তীরের হোটেল সী-প্যালেস প্রাঙ্গণে আয়োজিত কর্মসূচীর উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক কক্সবাজার মোঃ আলী হোসেন। এফপিএবি কক্সবাজার শাখার সভাপতি শামশুন নাহার বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্ভোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির মধ্যে বক্তব্য রাখেন সংস্থার মহাসচিব নাছির আহমদ বাবুল, নির্বাহী পরিচালক ড. এ.এফ.এম মতিউর রহমান, কক্সাজার সিভিল সার্জন ডাঃ মোঃ কমর উদ্দিন, উপ-পরিচালক পরিবার পরিকল্পনা ডাঃ দীপক তালুকদার, বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব মাসুম রেজা, অভিনেত্রী নাজনিন চুমকি। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আহসানুল হক, জাতীয় সাইকেল ফেডারেশনের নিয়াজ মুরশেদ, এফপিএবি‘র কক্সবাজার শাখার সম্পাদক সাইফুল হক, সিভিল সোসাইটির সভাপতি আবু মোর্শেদ চৌধুরী, সদর উপজেলার স্বাস্থ্য ও পঃ পঃ কার্যালয়ের মেডিকেল অফিসার ডাঃ রঞ্জন বড়–য়া প্রমূখ।

জেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের এবং তারার মেলার প্রায় ৪ শতাধিক তরুণ, কিশোর ও যুব বয়সীদের বর্নাঢ্য বাই সাইকেল রোডমার্চ হোটেল সী-প্যালেস থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। জাতীয় সাইকেল ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ উক্ত কর্মসূচীর বার্তা বহন করে চট্টগ্রামের উদ্দেশ্যে

কক্সবাজার ত্যাগ করেন। পথিমধ্যে রামু ডিগ্রী কলেজে শিক্ষক মন্ডলী ও শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় অংশ নেন।